আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন এক মহিলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বলল, ‘হে আল্লাহর রসূল! কেবলমাত্র পুরুষেরাই আপনার হাদীস শোনার সৌভাগ্য লাভ করছে। সুতরাং আপনি আমাদের জন্যও একটি দিন নির্ধারিত করুন। আমরা সে দিন আপনার নিকট আসব, আপনি আমাদেরকে তা শিক্ষা দেবেন, যা আল্লাহ আপনাকে শিক্ষা দিয়েছেন।’ তিনি বললেন, “তোমরা অমুক অমুক দিন একত্রিত হও।” অতঃপর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট এসে সে শিক্ষা দিলেন, যা আল্লাহ তাঁকে শিক্ষা দিয়েছেন। তারপর তিনি বললেন, “তোমাদের মধ্যে যে কোন মহিলার তিনটি সন্তান মারা যাবে, তারা তার জন্য জাহান্নামের আগুন থেকে আড় হয়ে যাবে।” এক মহিলা বলল, ‘আর দু’টি সন্তান মারা গেলে?’ তিনি বললেন, “দু’টি মারা গেলেও (তাই হবে)। মুত্তাফাকুন আলাইহি।

আবূ সাঈদ খুদরী রাদিয়াল্লাহু ‘আনহু বলেন এক মহিলা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের নিকট এসে বলল, ‘হে আল্লাহর রসূল! কেবলমাত্র পুরুষেরাই আপনার হাদীস শোনার সৌভাগ্য লাভ করছে। সুতরাং আপনি আমাদের জন্যও একটি দিন নির্ধারিত করুন। আমরা সে দিন আপনার নিকট আসব, আপনি আমাদেরকে তা শিক্ষা দেবেন, যা আল্লাহ আপনাকে শিক্ষা দিয়েছেন।’ তিনি বললেন, “তোমরা অমুক অমুক দিন একত্রিত হও।” অতঃপর নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট এসে সে শিক্ষা দিলেন, যা আল্লাহ তাঁকে শিক্ষা
দিয়েছেন। তারপর তিনি বললেন, “তোমাদের মধ্যে যে কোন মহিলার তিনটি সন্তান মারা যাবে, তারা তার জন্য জাহান্নামের আগুন থেকে আড় হয়ে যাবে।” এক মহিলা বলল, ‘আর দু’টি সন্তান
মারা গেলে?’ তিনি বললেন, “দু’টি মারা গেলেও (তাই হবে)। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একজন মহিলা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলল, পুরুষরা পুরো সময় আপনার ব্যয় করে। ফলে সারা দিন তারা আপনার পিছু না ছাড়ার কারণে আমরা আপনার সাথে সাক্ষাৎ করতে এবং দীন সম্পর্কে জিজ্ঞাসা করতে সুযোগ পাই না। তাই আমাদের নারীদের জন্য একটি দিন ধার্য করেন যাতে আমরা আপনার সাক্ষাৎ করতে পারি তাতে আপনি আমাদের আমাদের দীনের বিষয়গুলো শেখাবেন। ফলে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের জন্য একটি দিন নির্ধারণ করলেন যাতে তারা একত্র হয়। তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার জন্য যে দিন নির্ধারণ করল সেদিন নারীরা একত্র হলো। তিনি তাদের সম্মুখে এসে আল্লাহ তাকে যা

শিখিয়েছেন তা হতে যে সব বিষয় জানা তাদের প্রয়োজন তা শিক্ষা দিলেন। তারপর তিনি তাদের সু- সংবাদ দিলেন যে, যে কোন নারীর তিনজন সন্তান ছেলে হোক বা মেয়ে হোক মারা যায় সে সাওয়াবের আশায় এবং ধৈর্য সহকারে আখিরাতের জন্য তাদের পেশ করে তাদের কারণে তার দুঃখিত হওয়া জাহান্নাম থেকে সুরক্ষা হবে। যদিও গুনাহের কারণে সে তা নিজের ওপর অবধারিত করে রাখছিল। এ শোনে এক মহিলা বলল, যদি তার দুইজন মারা যায় তাহলে তার জন্য কি তিনজন সন্তান মারা যাওয়ার মতো সাওয়াব মিলবে? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, যদি তার দুইজন সন্তান মারা যায়, তার জন্যও যার তিনজন সন্তান মারা যায় তার সাওয়াব মিলবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8871